

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়:রৌদ্র লেখে জয়

শামসুর রাহমান

### কবিতাটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

\*বর্গিদের সম্পর্কে বর্ণনা

\*মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনীর অত্যাচারের কথা

\*মুক্তিযোদ্ধাদের বীরত্বের কথা

\*পরাধীন অবস্থা থেকে স্বাধীনতা লাভের আনন্দের কথা

### কবিতাটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

রৌদ্র লেখে জয় কবিতায় স্বাধীনতা যুদ্ধে বাঙালির বীরত্বের কথা প্রকাশ পেয়েছে। ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের মানুষের ওপর নির্মমভাবে হত্যাযজ্ঞ চালিয়েছিল। বাঙালিরা এ অন্যায়ের প্রতিবাদে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং অনেক আত্মায্গ ও বিপুল সংহামের মধ্য দিয়ে বিজয় লাভ করে।

### কবিতাটির প্রথম ১০ লাইন মুখ্য করবে:

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

বর্গি=মারাঠা দস্যু।

হানাদার=আক্রমণকারী।

শ্যামল=সবুজ।

খাজনা=কর বা ট্যাক্স।

\*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :

১. কারা এদেশে খাজনা নিতে এসেছিল?

২. কারা অনেক মানুষ মারল?

৩. বর্গিরা কী কী পুড়িয়েছিল?

৪. মুক্তিসেনারা কাদের সাথে লড়েছিল?
৫. দেশের মানুষ কেন মুক্তিসেনাদের কথা ভুলবে না?

যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

দ্র, গ্র, শ্য, গ্র, ঙ, ক্ত

কবিতাটির মূলভাব পড়বে:(আমার বাংলা বইয়ের ১০৭পৃষ্ঠায় আছে)